শিক্ষা বিষয়ক শাখা
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

ACADEMIC SECTION
BANGLADESH AGRICULTURAL UNIVERSITY
MYMENSINGH

Phone: 091-67401-6/2124, Fax: 880-91-66846, E-mail: aca@bau.edu.bd, Website: www.acabau.co.nr

# বিজ্ঞপ্তি

নং শা-১/৭৫৪/শিক্ষা তারিখঃ ১০-০৭-২০২৫

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে BAU-PhD ফেলোশীপ প্রদানের লক্ষে যোগ্য প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আবেদনের নির্ধারিত ফরম উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি'র কার্যালয়, রেজিস্ট্রারের শিক্ষা বিষয়ক শাখা এবং www.bau.edu.bd.casr ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে।

আবেদনকারী বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে পিএইচডি কোর্সে ভর্তির যোগ্যতা সম্পন্ন হতে হবে এবং B.Sc.(Hons)/DVM ও MS ডিগ্রী উভয় ক্ষেত্রে ন্যূনতম CGPA 3.4 (out of 4.0) থাকতে হবে। আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখে আবেদনকারীর বয়সসীমা অনুর্ধ ৪৫ বছর।

প্রতিটি নির্বাচিত ফেলো মাসিক ফেলোশীপ বাবদ ৪০,০০০ (চল্লিশ হাজার) টাকা মাত্র প্রাপ্ত হবে। বিধিমোতাবেক রিসার্চ ফান্ড, ভর্তি ফি, সেমিনার/সিম্পোজিয়াম/কনফারেন্সে অংশ গ্রহণ, পাবলিকেশন চার্জ এবং ডিস্যারটেশন গ্র্যান্ট BAU-PhD ফেলোশীপ কেন্দ্রীয় তহবিল হতে প্রদান করা হবে।

প্রয়োজনীয় ডকুমেন্টসহ আগামী ২৪.০৭.২০২৫ তারিখের মধ্যে আবেদনপত্র সরাসরি/ডাকযোগে অফিস চলাকালীন সময়ে কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি'র কার্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০২ তে দাখিল করতে হবে। আবেদনপত্রের একটি soft copy coordinator.casr@bau.edu.bd তে ই-মেইলে প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়ের পরে এবং ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে
স্বা./-রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

মেমে নং শা-১/৭৫৪(৬৫)/শিক্ষা তারিখঃ ১০-০৭-২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি।

২। সকল বিভাগীয় প্রধান।

৩। সকল হলের প্রভোস্ট।

৪। পরিচালক, আইসিটি সেল। বাকৃবি এর ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ।

৫। পরিচালক, জন সংযোগ ও প্রকাশনা দফতর। বিজ্ঞপ্তিটি ১টি বাংলা এবং ১টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকার ১ (এক) সংখ্যায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

৬। কোষাধ্যক্ষ।

৭। ওএসডি, ভাইস-চ্যান্সেলর সচিবালয়, মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।

১০/০৭/২৫
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

CamScanner